

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩০, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ২৫ অক্টোবর ২০০১/১০ কার্তিক ১৪০৮

এস, আর, ও নং ২৯৩-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও-১১২-আইন/২০০১, তারিখ ৩রা মে, ২০০১ইং মোতাবেক ২০শে বৈশাখ, ১৪০৮বাং দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত এর rule 3 বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জুন্স মনিকগঞ্জ জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১০১০৩)

মূল্য : টাকা ১.০০

যেহেতু Panchayat Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১৬ কার্তিক, ১৪০৮বাং মোতাবেক ৩১ অক্টোবর ২০০১ইং তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল। এই মিউনিসিপ্যালিটি সিংগাইর মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে.এল.নং	দাগ নং
(১)	সিংগাইর	কাশিমনগর	২৮	০২—২৬৮, ২৭৯—৩৬৮।
(২)	সিংগাইর	সিংগাইর	৬১	১৫৯—৫১৮, ১০০১—২৯৩২, ৩০২২—৩২৬১, ৪৫০১—৬১৩৭, ৭০০১—৮৩৫৯, ৮৩৭৪—৮৩৮৩, ৮৪২২, ৮৪২৩।
(৩)	সিংগাইর	গোবিন্দল	৫৭	৭৮—২২৮, ২৪৬—২৫৬, ২৬০—২৭৭, ১১১৪, ১৫০১—১৭১৬, ১৯০১—২৩৩৬।
(৪)	সিংগাইর ও তালেবপুর	চরসিংগাইর	৭১	১৫৩৭, ১৫৩৮, ১৫৪২, ১৫৪৩, ১৫৪৮, ১৫৫০, ১৫৫১, ১৫৬১—১৫৬৩, ১৫৬৮, ১৫৬৯, ১৫৭৪—১৫৭৬, ১৫৮২, ১৫৮৭—১৫৮৯, ১৫৯৫, ১৫৯৬, ২৯৬০, ১—১১৮৭ (১নং সীট), ১১৯০—১১৯৯ (১নং সীট), ১৫৯৯—১৬০১ (২নং সীট), ১৬০৬, ১৬০৭, ১৬০৯, ১৬১০, ১৬১৫—১৬১৭, ১৬২১—১৮৭৫, ২১২২।
(৫)	তালেবপুর	বারভালুক গোলারা	২৬	৪২৩—৪৪৬।
(৬)	তালেবপুর	বিনোদপুর বড়খন্ড	৬২	৩১০৬—৩১৫৮, ৪৬৩৮—৪৭৩০, ৪৮১১—৪৮৭০, ৫০১৯—৫০৫০।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী খান
উপ-সচিব (পৌর)।